



পটুয়াখালী সদর উপজেলার মরিচবুনিয়া মাদ্রাসা সংলগ্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়

— ইত্তেফাক

পটুয়াখালীর ১০ প্রাথমিক বিদ্যালয়ের জরাজীর্ণ ভবনে চলে পাঠদান

পটুয়াখালী প্রতিদিনী
দীর্ঘদিন সংস্কারের অভাবে পটুয়াখালী সদর উপজেলার ১০টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন জরাজীর্ণ হয়ে পড়েছে। ব্যবহারের অযোগ্য এ সকল ভবনের ছাদ চুইয়ে পানি পড়ছে। খসে পড়ছে ছাদ ও দেয়ালের পলস্তারা। এরপরও এ সকল ভবনে ঝুঁকি নিয়ে চলেছে পাঠদান। যে কোন সময় ভবন ধসে বড় ধরনের ট্রাজেডি ঘটতে পারে।
সদর উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, উপজেলায় ৪০২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে মরিচবুনিয়া মাদ্রাসা সংলগ্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়, বলডপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ছোটবিঘাই সরকারি প্রাথমিক বিদ্যালয়, কমলাপুর এসডিও সরকারি প্রাথমিক বিদ্যালয়, দক্ষিণ চান্দখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়, পশ্চিম গাবুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, উত্তর মৌকরন সরকারি প্রাথমিক বিদ্যালয়, মধ্য শেহাকাঠি

সরকারি প্রাথমিক বিদ্যালয়, পূর্ব মৌকরন সরকারি প্রাথমিক বিদ্যালয় ও মধ্য কাকড়াবুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন জরাজীর্ণ। এ বিদ্যালয়গুলোতে ৭১৮ জন শিক্ষার্থী রয়েছে। ১৯৯৪-১৯৯৫ সালে এ সকল বিদ্যালয় ভবন নির্মিত হয়। ইতিমধ্যে মরিচবুনিয়া মাদ্রাসা সংলগ্ন সরকারি প্রাথমিক বিদ্যালয় ঝুঁকিপূর্ণ ঘোষণা করা হয়েছে।
পটুয়াখালী সদর উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. সুফর রহমান ঝুঁকিপূর্ণ ও জরাজীর্ণ বিদ্যালয় ভবনের সত্যতা ঝিকার করে বলেন, এ ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষ অবহিত আছেন। এর মধ্যে ৫টি জরাজীর্ণ বিদ্যালয় ভবন জরুরি ভিত্তিতে পুনঃনির্মাণের তালিকা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর পাঠানো হয়েছে। এছাড়াও ৪২টি বিদ্যালয় ভবনের বড় ধরনের সংস্কার প্রয়োজন। সবগুলোই প্রক্রিয়াধীন রয়েছে। চলতি অর্ধ বছরে এ সকল কাজ শুরু হবে বলে তিনি আশা প্রকাশ করছেন।